

ফিফা
৪৭

সেনাপ্রধান ট্রফি পেল কুমিল্লা ইম্পাহানি স্কুল ও কলেজ

কুমিল্লা (দক্ষিণ) প্রতিনিধি

বাংলাদেশ সেনাবাহিনী পরিচালিত পাবলিক কলেজগুলোর মধ্যে পরপর তিনবার শ্রেষ্ঠ কলেজ নির্বাচিত হওয়া এবং জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠ শিফা প্রতিষ্ঠান হিসেবে স্বীকৃতি দাত করা কুমিল্লা ইম্পাহানি পাবলিক স্কুল ও কলেজকে সেনাবাহিনী প্রধান ট্রফি স্থায়ীভাবে প্রদান করা হয়েছে। এ উপলক্ষে রোববার সকালে কুমিল্লা ইম্পাহানি পাবলিক স্কুল ও কলেজ মাঠে স্থায়ীভাবে সেনাবাহিনী প্রধান ট্রফি প্রদান অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য করেন সেনাবাহিনী প্রধান জেনারেল মইন উ আহমেদের পত্নী বেগম নূরুন্নাহ মইন। অন্যায়ের মধ্যে বহন না মেনে কলেজের সভাপতি ত্রিগেভিয়ার জেনারেল সাকির আহমেদ পিএসসি এবং কলেজ অধ্যক্ষ পি. কর্নেল মোঃ মোসাদ্দেকউলীন উইয়াজ।

প্রায় ১০ একর জমি নিয়ে ক্যাম্পাস গড়ে উঠেছে। প্রতিষ্ঠানের বর্তমান প্রধান পৃষ্ঠপোষক সেনাবাহিনী কুমিল্লা অঞ্চলের ডিএসি বেজার জেনারেল আনোয়ার হোসেন।

কুমিল্লা ইম্পাহানি পাবলিক স্কুল ও কলেজ বিভিন্ন সময়ে কতিপয় অর্জন করে। এর মধ্যে ১৯৯১, ২০০১ ও ২০০২ সালে জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠ শিফা প্রতিষ্ঠান হিসেবে স্বীকৃতি পায়। এছাড়া ২০০৫, ২০০৬ ও ২০০৭ সালে সেনাবাহিনী পরিচালিত পাবলিক কলেজগুলোর মধ্যে পরপর তিনবার শ্রেষ্ঠ কলেজ নির্বাচিত হয়।